

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১০/০৮/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, যে সকল শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত (যে শিক্ষাবর্ষে হোক না কেন) থাকার ক্ষেত্রে অবশ্যই ১৩ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে নতুন ফরম ডাউনলোড করতে হবে। অন্যথায় দৈত ভর্তির কারণে উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

শর্তাবলী:

- ১। অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম সংগ্রহের সময়সীমা : ০৭/০৮/২০২৫ থেকে ১৬/০৮/২০২৫ খ্রি.
- ১। ভর্তি ফরম পূরণে করণীয়: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions এর Applicant Login অপশনে ক্লিক করে Masters Preli. (Regular) Login সিলেক্ট করে চাহিত তথ্যাদি সঠিকভাবে এন্ট্রি দেয়ার পর ডাউনলোড করে ভর্তি ফরমের প্রিন্টকপি সংগ্রহ করতে পারবে।
- ২। পূরণকৃত ভর্তি ফরম ও কাগজপত্র জমাদান: আগামী ১২/০৮/২০২৫ থেকে ১৭/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্রাদি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে-
 - (ক) সকল প্রকার পরীক্ষার মূল নম্বরপত্র ও প্রশংসাপত্র;
 - (খ) সকল প্রকার পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি- ১ কপি করে;
 - (গ) সর্বশেষ পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ১ কপি;
 - (ঘ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি- ২ কপি;
 - (ঙ) অনলাইনে পূরণকৃত ভর্তির আবেদন ফরমের প্রিন্টকপি (College Copy);
 - (চ) অনলাইনে নির্ধারিত ফি পরিশোধের Payslip;
 - (ছ) ১০" X ১৪" সাইজের খাম- ১টি (নিজের নাম, পিতা/মাতার নাম, রোল নম্বর, বিষয়, মোবাইল নম্বরসহ স্থায়ী ঠিকানা সম্বলিত);
 - (জ) কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে। এছাড়া এর ১কপি ফটোকপি জমা দিতে হবে।
- ৩। ভর্তি ফি জমাদানের পদ্ধতি:
 - (ক) শিক্ষার্থীকে ০৮/০৮/২০২৫ থেকে ১৭/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে <https://rangamaticollege.eshiksaems.com> -এ প্রবেশ করে নিম্নোক্ত User Name ও Password দিয়ে Login করতে হবে এবং অনলাইন মাধ্যমে ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।
User Name: **rangamatistudent** এবং Password: **rangamatistudent**
 - (খ) Education Management System এর Admission -এ গিয়ে Click for New Admission ক্লিক করে Select Group অপশন থেকে Masters Preli. (Regular) এবং Select Department অপশন থেকে Political science সিলেক্ট করতে হবে। এরপর Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে। পর্যায়ক্রমে চাহিত তথ্য সঠিকভাবে এন্ট্রি দেয়ার পর Save বাটনে ক্লিক করলে ভর্তি ফিসহ আবেদন ফরম প্রদর্শিত হবে।
 - (গ) শিক্ষার্থীর ভর্তির Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay ব্যবহার করে অনলাইন মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে।
 - (ঘ) সর্বশেষ শিক্ষার্থীকে Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- ৪। ভর্তি ফি'র পরিমাণ:

বিভাগ	ভর্তি ফি এর পরিমাণ
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)- রাষ্ট্রবিজ্ঞান	৪,৯৬৬/-


২০/০৮/২৫

(প্রফেসর মোহাম্মদ মনোয়ার কবীর)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা



বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল।
- ৫। সংরক্ষণ নথি।